গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
নেজারত শাখা
website: **www.sylhetdiv.gov.bd**

## উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি নং ০১/২০২১-২০২২

২০২১-২০২২ অর্থ বছরে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট-এর (১) অন্যান্য মনিহারি (২) ব্যবহার্য দ্রব্যাদি এবং (৩) 'কম্পিউটার সামগ্রী' সরবরাহকারী/ব্যক্তি প্রতিষ্ঠান নিযুক্তির লক্ষ্যে আগ্রহী ঠিকাদারগণের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | দরপত্রের গুরুত্বপূর্ণ বিষয় | দরপত্রের বিস্তারিত বিবরণ |
|---|---|---|
| ০১ | মন্ত্রণালয়/বিভাগ | জনপ্রশাসন মন্ত্রণালয় |
| ০২ | সংগ্রাহক সত্তা | বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |
| ০৩ | সংগ্রাহক সত্তার নাম | কমিশনার, সিলেট বিভাগ, সিলেট। |
| ০৪ | সংগ্রাহক সত্তার কোড নং | ০৭৪১-বিভাগীয় প্রশাসন |
| ০৫ | কাজের নাম | (১)'মনোহারি দ্রব্যাদি (২) ব্যবহার্য দ্রব্যাদি এবং (৩)'কম্পিউটার সামগ্রী' সরবরাহ। |
| ০৬ | দরপত্র আহ্বানের সুত্র | নং ০৫.৪৬.০০০০.০০৯.০৭.০০৩.২১-০১ তারিখ : ০৩/০১/২০২২খ্রি:। |
| ০৭ | দরপত্র আহ্বানের তারিখ | ০৩/০১/২০২২খ্রি:। |
| ০৮ | সংগ্রহ পদ্ধতি | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) (PPA-2006 ও PPR-2008 তৎসংশ্লিষ্ট পরবর্তী সংশোধনী অনুযায়ী) |
| ০৯ | বাজেট ও টাকার উৎস | পরিচালন খাত (Gov) |
| ১০ | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | **১৮/০১/২০২২খ্রি:** অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| ১১ | সিডিউল জমাদানের তারিখ ও সময় | **১৯/০১/২০২২খ্রি:, দুপুর ১২-০০** ঘটিকা পর্যন্ত। |
| ১২ | দরপত্র খোলার তারিখ ও সময় | **১৯/০১/২০২২খ্রি:, দুপুর ১২-৩০** ঘটিকার সময়। |
| ১৩ | দরপত্র সিডিউল বিক্রয়ের স্থান | (১) নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |
| ১৪ | দরপত্র গ্রহণের স্থান | নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট |
| ১৫ | দরপত্র খোলার স্থান | কমিশনারের একান্ত সচিবের অফিস কক্ষ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |
| ১৬ | দরপত্র সিডিউলের মূল্য | ৪০০/- (চারশত) টাকা (প্রতিটি) (অফেরতযোগ্য), নগদ। |
| ১৭ | দরপত্র জামানতের পরিমাণ ও বিবরণ | অন্যান্য মনিহারি দ্রব্যাদি — জামানতের পরিমান: ১৫,০০০/-<br>ব্যবহার্য দ্রব্যাদি — জামানতের পরিমান: ৭,৫০০/-<br>কম্পিউটার সামগ্রী — জামানতের পরিমান: ১০,০০০/-<br>কমিশনার সিলেট বিভাগ, সিলেট এর অনুকুলে ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার আকারে |
| ১৮ | দরপত্র আহ্বানকারীর নাম, পদবী ঠিকানা | সুনজিত কুমার চন্দ, সহকারী কমিশনার (নেজারত শাখা) , বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |
| ১৯ | বিশেষ নির্দেশিকা | (১) দরপত্রের বিস্তারিত শর্তাবলী ও বিবরণ সিডিউল ফরমের সাথে বর্ণিত আছে। (২) দরপত্র সংক্রান্ত যে কোন তথ্য কার্যদিবসে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট-এর নেজারত শাখা হতে (অফিস চলাকালীন সময় পর্যন্ত) এবং www.sylhetdiv.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে। (৩) যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কমিশনার, সিলেট বিভাগ, সিলেট সংরক্ষণ করেন। |

**( সুনজিত কুমার চন্দ )**
সহকারী কমিশনার (নেজারত)
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
ফোন : ০২৯৯৬৬৪৩২৭৮
ই-মেইল: divcomsylhetnazarat@gmail.com

নং ০৫.৪৬.০০০০.০০৯.০৭.০০৩.২১-০১(৪০)

তারিখ : ০৩/০১/২০২২খ্রি:।

**অবগতি ও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

০১। উপ-মহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।
০২। পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন, সিলেট।

০৩। পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ, সিলেট।

০৪। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট।

০৫। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।

০৬। জোনাল সেটেলমেন্ট অফিসার, সিলেট।

০৭। পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট।

০৮-১১। জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার|

১২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।

১৩। উপ-পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, সিলেট।

১৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট।

১৫-১৮। পুলিশ সুপার, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।

১৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।

২০। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।

২১-২৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/সওজ/এলজিইডি/পাউবো/বিউবো/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট।

২৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, সিলেট।

২৭। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ বিভাগ, সিলেট।

২৮। জেলা রেজিস্টার, সিলেট।

২৯-৩০। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সিলেট সদর / দক্ষিন সুরমা, সিলেট।

৩১। জেলা তথ্য অফিসার, সিলেট।

৩২| তত্ত্বাবধায়ক, জেলা কারাগার, সিলেট।

৩৩। সভাপতি, দি সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ লি:, সিলেট।

৩৪। সভাপতি, সিলেট মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ লি:, সিলেট।

৩৫। কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট জেলা কমান্ড, সিলেট।

৩৬। কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, মহানগর কমান্ড, সিলেট।

৩৭। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক আমাদের সময়, ঢাকা।

৩৮। বিজ্ঞাপন ম্যানেজার, New age, ঢাকা।

৩৯। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক উত্তর পূর্ব, সিলেট।

(৩৭-৩৯) আপনার পত্রিকায় প্রকাশের ব্যবস্থা করে প্রকাশিত বিজ্ঞপ্তির ০২ সেট অত্রাফিসে প্রেরণের অনুরোধ করা হলো।

৪০। নোটিশ বোর্ড (অত্র কার্যালয়)

৩/১/22

( সুনজিত কুমার চন্দ )
সহকারী কমিশনার (নেজারত)
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
ফোন : ০২৯৯৬৬৪৩২৭৮
ই-মেইল: divcomsylhetnazarat@gmail.com

<u>শর্তাবলী</u>

<u>সাধারণ শর্তাবলী:</u>

০১। ২০২১-২০২২ অর্থ বছরে বিভাগীয় কমিশনারের কার্যালয় সিলেটে মনোহারি দ্রব্যাদি, ব্যবহার্য দ্রব্যাদি ও কম্পিউটার সামগ্রী সরবরাহের নিমিত্ত প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারীগণ সীলমোহরকৃত মুখবন্ধ খামে দাখিল করবেন।

০২। দরপত্রসমূহ আগামী ১৯/০১/২০২২ তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের নেজারত শাখায় রক্ষিতদরপত্র বাক্সে জমা দিতে হবে এবং ঐদিনই (১৯/০১/২০২২ তারিখ) বেলা ১২.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেই উপস্থিত থাকেন)আধা ঘন্টার মধ্যে দরপত্র বাক্স খোলা হবে।

০৩। দরপত্রদাতা কর্তৃক দরপত্রদাতার নাগরিকত্ব সনদপত্র হালনাগাদকরণকৃত ট্রেড লাইসেন্স , টিন নম্বর সম্বলিত হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, ০১ কটি পাসপোর্ট সাইজের ছবি প্রথম শ্রেণী গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে সীল মোহরকৃতখামে দাখিল করতে হবে।

০৪। দরপত্রের সাথে দাখিলকৃত যে কোন মিথ্যা/ভুয়া কাগজপত্র দাখিলের জন্য আর্নেষ্টমানি বাজেয়াপ্ত হবে এবং নির্বাচিত ব্যক্তি বা ফার্মের বিরুদ্ধে পরবর্তীতে যদি কোন জালিয়াতি প্রমাণিত হয় সে ক্ষেত্রে নিরাপত্তার জামানতের অর্থ বাজেয়াপ্তসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। অন্যান্য মনোহরি, কম্পিউটার সামগ্রী ও ব্যবহার্য দ্রব্যাদি পৃথক দরপত্র হিসেবে গণ্য হবে। এর যে কোন এক বা একাধিকের বিপরীতে দরপত্র দাখিল করা যাবে।

০৬। দরদাতাগণকে তালিকায় উল্লিখিত আইটেমের শতকরা ৯০ ভাগের দর উল্লেখ করতে হবে। দরপত্রে কোন ধরনের ঘষামাজা বা উপরিলিখন অথবা কারেকটিং ফ্লুইড ও অস্পষ্টতা থাকলে তা গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। অংক এবং কথায় যোগফলের মধ্যে অসামঞ্জস্য পরিলক্ষিত হলে কথার যোগফল কার্যকর হবে।

০৭। সর্বনিম্ন দরের ভিত্তিতে দরপত্র মূল্যায়ন করা হবে। একই দরপত্রের আইটেমসমূহের সর্বনিম্ন উদ্ধৃত দরটি গ্রহণ করা হবে। ফলে একই দরপত্রের একটি বা একাধিক বা সকল আইটেমের জন্য কার্যাদেশ দেয়া যাবে।

০৮। আমদানীকৃত মালামাল সরবরাহের ক্ষেত্রে কোম্পানী/প্রতিষ্ঠানের বাংলাদেশস্থ এজেন্ট/প্রতিনিধির নিকট হতে মালামাল ক্রয় সংক্রান্ত চালানপত্র ক্রয়ের স্বপক্ষে উপযুক্ত প্রমাণাদি দাখিল করতে হবে।

০৯। দরপত্রদাতা কর্তৃক আরোপিত কোন শর্ত গ্রহণযোগ্য নয়।

১০। দরপত্র বা চুক্তিপত্রে বা ভাউচার ইত্যাদিতে প্রতিষ্ঠানের মালিককেই স্বাক্ষর করতে হবে। মালিকের অনুপস্থিতিতে বিল/ভাউচারে স্বাক্ষর করার নিমিত্ত তার মনোনীত প্রতিনিধিকে ক্ষমতা প্রদান সংক্রান্ত সনদপত্র দরপত্র আহবানকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন নিতে হবে।

১১। কোন কারণবশত: দরপত্র খোলার দিন অফিস বন্ধ থাকলে পরবর্তী কার্যদিবসে একই সময়ে ও নিয়মে দরপত্র গ্রহণ ও খোলা হবে।

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

১৩। দরপত্রের সকল কার্যক্রম প্রচলিত পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালা অনুসৃত হবে।

১৪। অত্র দপ্তরের চাহিদার প্রেক্ষিতে সময়ে সময়ে মালামাল সরবরাহ করতে হবে। বাজেট বরাদ্দ এবং প্রকৃত প্রয়োজনের ভিত্তিতে কার্যাদেশ প্রদান করা হবে।

১৫। মালামাল নিজ খরচে অফিসে পৌছে দিতে হবে। জরুরি প্রয়োজনে তাৎক্ষনিকভাবে চাহিত মালামাল অফিসে পৌছে দিতে হবে।

১৬। মালামাল অফিসে পৌছানো বাবদ পৃথক কোন বিল দাবী করা যাবে না।

১৭। কার্যাদেশে উল্লিখিত শর্ত মোতাবেক সময়ের মধ্যে চাহিত মালামাল সরবরাহ করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তসহ কর্তৃপক্ষ কার্যাদেশ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮। নির্ধারিত সময়ের মধ্যে চাহিত মালামাল সরবরাহ করতে না পারলে কর্তৃপক্ষ সরবরাহকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান এর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

১৯। গুণগত মানের তারতম্যের কারণে সরবরাহকৃত মালামাল গৃহীত না হলে ঠিকাদার মালামাল নিজ খরচে পরিবর্তন করে গুণগত মালামাল সরবরাহে বাধ্য থাকবেন।

২০। সরবরাহকৃত মালামাল গ্রহণের ব্যাপরে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২১। দরপত্রের প্রতি পাতায় দরদাতার স্বাক্ষর থাকতে হবে।

২২। সরবরাহকৃত মালামাল গৃহীত হওয়ার পর বিল দাখিল করতে হবে।

২৩। ক্রয়কারী কর্তৃপক্ষ প্রয়োজনানুসারে দ্রব্যের পরিমান হ্রাস-বৃদ্ধিকরণ এবং ক্রয় চুক্তির মেয়াদ বর্ধিত করণের ক্ষমতা সংরক্ষণ করেন।

**আর্থিক শর্তাবলী:**

০১। সরকারী আদেশ অনুযায়ী সরবরাহকারীর প্রাপ্য বিল হতে আয়কর, ভ্যাট (প্রযোজ্য ক্ষেত্রে, প্রযোজ্য হারে) ও অন্যান্য (যদি থাকে) কর্তন করা হবে।

০২। সফলকাম দরদাতাকে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। স্টাম্পের মূল্য দরদাতাকে বহন করতে হবে।

০৩। সফলকাম দরদাতাকে নোটফিকেশন অব এওয়ার্ড"-এ উল্লিখিত পরিমান অর্থ কমিশনার, সিলেট বিভাগ এর অনুকুলে পে-অর্ডারের মাধ্যমে জামানত হিসাবে প্রদান করতে হবে যা ২০২১-২০২২ অর্থ বছর সমাপ্তির পর সন্তোষজনকভাবে কার্যসম্পাদন শেষে ফেরত প্রদান করা হবে।

০৪। বাজেট বরাদ্দ সাপেক্ষে সংশ্লিষ্ট খাত হতে সরবরাহকৃত মালামালের বিল পরিশোধ করা হবে।

০৫। উভয়পক্ষের সম্মতিতে দরপত্রের চুক্তিপত্র তিন বছর পর্যন্ত বৃদ্ধি করা যাবে।

***বিশেষ শর্তাবলী:***

০১। সরবরাহকৃত সকল পার্টস/ আইটেমের প্রযোজ্য ক্ষেত্রে ওয়ারেন্টি/গ্যারান্টির প্রত্যয়নপত্র দিতে হবে।

০২। সরবরাহকারী নিজ খরচে সরবরাহকৃত যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম অফিস সরঞ্জাম ইন্সস্টল/সেটিং করে দিবেন এবং উল্লিখিত মেয়াদে বিক্রয়োত্তর সেবা দিতে বাধ্য থাকবেন।

6/7/22

( সুনজিত কুমার চন্দ )
সহকারী কমিশনার (নেজারত)
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
ফোন : ০২৯৯৬৬৪৩২৭৮
ই-মেইল: divcomsylhetnazarat@gmail.com